শস্যময় সংলাপ

সেই তখন শস্যের কাল
সারাদিন মাঠে মাঠে
জলদর্চিরেখা;
শস্যের সম্ভাবনাময়
এক একটা রাত পার হলে
পুনরায় দিন;
কার এই শস্যকাল... ?
কার এই প্রসারিত শস্যভার... ?

এইসব শস্যের উদ্ধার
যার গা ছুঁয়ে মেঠো পথ
দূর - ভুবন - মুখে ভ্রমণে নেমেছে
সম্মুখে মহাজাগতিক পথ
উন্মুখ ফুলের মতো পাশাপাশি
উদগ্রীব ফুটে আছে;
ভোর, ভোরের শিশির এবং রোদ্দুর
রোদ্দুরে ডুবে আছে সংসারের
বাঙ্‌ময় জানালা কপাট... ।

শস্যের শরীর ছুঁয়ে গৃহস্থের
সমুদয় দৃশ্যমালা বদলে যায়
এমনই দৃশ্য থেকে শস্যময় দৃশ্যান্তর

প্রণব চট্টোপাধ্যায়

সৃষ্টিসন্ধান